

জেলা ইনোভেশন টিম এর মে/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।

সভার স্থান: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ, মাদারীপুর।

তারিখ: ২৫ মে, ২০১৬

সময়: বেলা ১১.০০ টা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ:-

১. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
২. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৩. জনাব মো: শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়াও নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

➤ ১ নং আলোচ্য বিষয়:

ইনোভেশন সামিটে জেলার উন্নয়ন কর্মকান্ড নিয়ে ভিডিও উপস্থাপন

- ◆ **আলোচনা:** আগামী ২৭-২৯ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য জেলা প্রশাসক সম্মেলনের দ্বিতীয় ও তৃতীয় দিন এ ইনোভেশন সামিট পর্বে ডিজিটাল বাংলাদেশের সামগ্রিক চিত্র হিসেবে জেলাভিত্তিক উন্নয়ন কর্মকান্ডের উপর ভিডিও চিত্র (১৫ মিনিট ও ৫ মিনিট) উপস্থাপনের জন্য আগামী ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম হতে নির্দেশনা দেয়া হয়েছে।
- ❖ **সিদ্ধান্ত:** মাদারীপুর জেলায় বাস্তবায়িত ও গৃহীত উন্নয়ন কর্মকান্ড ও উদ্ভাবনী উদ্যোগসমূহের ভিডিও চিত্র তৈরি করার বিষয়ে জেলা ও উপজেলা ইনোভেশন টিম একত্রে দায়িত্ব পালন করবে।

➤ ২ নং আলোচ্য বিষয়:

প্রণয়নকৃত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি

- ◆ **আলোচনা:** গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রণয়নকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৬ অনুযায়ী জেলা ইনোভেশন টিম জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩ টি গুরুত্বপূর্ণ সেবা (যেমন: ১. রেকর্ডরুম হতে পর্চার বিতরণ পদ্ধতি সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা, যাতে সেবা প্রত্যাশীরা ভোগান্তি ছাড়াই নিজ নিজ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অনলাইনেই পর্চার আবেদন করতে পারে এবং পর্চার সরবরাহ পেতে পারে, ২. ই-ফাইলিং এ পত্র নিষ্পত্তির হার সন্তোষজনক করা এবং বাহক নির্ভর পত্র বিনিময় পরিবর্তন করে ই-মেইল এর মাধ্যমে পত্র যোগাযোগ নিশ্চিত করার জন্য এ কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামার কর্তৃক শাখাভিত্তিক ই-ফাইলিং ও ই-মেইল ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা ৩. শাখাভিত্তিক কর্মরত কর্মচারীর প্রদানকৃত সেবার বিবরণ উপস্থাপনের জন্য ডেপ্লভিত্তিক সিটিজেন চার্টার স্থাপন) এর বিষয়গুলো বাস্তবায়নাধীন আছে।
- ❖ **সিদ্ধান্ত:** বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে গৃহীত ও চিহ্নিত তিনটি সেবা প্রদানের বিষয়টি নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করতে হবে।

➤ ৩ নং আলোচ্য বিষয়:


সরকারি দপ্তরে নিয়মিত ই-মেইল ব্যবহার নিশ্চিতকরণ।

❖ **আলোচনা:** সরকারি পর্যায়ে দপ্তরসমূহের মধ্যে অনলাইনের মাধ্যমে আন্তঃযোগাযোগ শতভাগ নিশ্চিতকরণের নিমিত্ত সকল সরকারি দপ্তরে ই-মেইল এর মাধ্যমে নিয়মিত পত্র বিনিময়কে অগ্রাধিকার দেয়া হয় এবং জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় অংশগ্রহণকারী দপ্তর প্রধানের গ্রুপ মেইল তৈরি করে উন্নয়ন ও সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ই-মেইল এ প্রেরণ শতভাগ নিশ্চিত করার বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর প্রধানকে ই-মেইল ব্যবহার বাধ্যতামূলককরণ ও শতভাগ নিশ্চিত করার জন্য জেলা ইনোভেশন টিম সকল সরকারি দপ্তর প্রধানের সাথে যোগাযোগ করা হয়েছে।

❖ **সিদ্ধান্ত:** প্রতিমাসেই ই-মেইল যোগাযোগের বিষয়টি জেলা ইনোভেশন টিম তদারকি করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

➤ ৪. বিবিধ আলোচ্য বিষয়

মাসিক জেলা ইনোভেশন সভায় সকলের উপস্থিতি ও আন্তরিক উপস্থাপনার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং সেই সাথে বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণকে প্রদত্ত সেবাকে কিভাবে অধিকতর সহজ ও দ্রুততার সাথে সরবরাহ করা যায় এ বিষয়ে জনকল্যাণমূলক সেবাদান পদ্ধতি উদ্ভাবনের উদ্যোগের আহবান জানান জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২১/০৬/২০১৬

(খালেদ মোহাম্মদ জাকী)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর

ফোন: +৮৮০৬৬১-৬২৬২৭


adcgmadaripur@gmail.com

স্মারক নং-০৫.৪১.৫৪০০.১২২.০২.০০৫.১৫- ২২

তারিখঃ ২২ জুন, ২০১৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ:আ:- সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (দৃ:আ:- সহকারী কমিশনার (উন্নয়ন)।
৩. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/রাজের/শিবচর।
৪. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৬. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৭. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৮. গোপনীয় সহকারী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য


২১/৬/১৬

(তানজিলা কবির দ্রপা)

সহকারী কমিশনার (আইসিটি)

ফোন: +৮৮০৬৬১-৬১৫৮৫

মোবাইল: +৮৮০১৯১২৬২৯১২৪

ictcellmadaripur@gmail.com